

চাকসু নির্বাচনে

ভোটার ২৫ হাজার ৮৬৬ জন

খসড়া তালিকা প্রকাশ



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

প্রকাশ: ০২ সেপ্টেম্বর ২০২৫ | ০৬:৩৮



দীর্ঘ ৩৫ বছর পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচন হতে যাচ্ছে আগামী ১২ অক্টোবর। গতকাল সোমবার বিকেলে খসড়া ভোটার তালিকা চাকসুর ওয়েবসাইটে প্রকাশ হয়। এই তালিকায় ২৫ হাজার ৮৬৬ জন ছাত্রছাত্রীর

নাম রয়েছে।

চাকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিন সমকালকে বলেন, চাকসুর ভোটার তালিকায় বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থীরাই থাকতে পারবেন। বিশ্ববিদ্যালয়ের নিয়মিত অনার্স, মাস্টার্স, এমফিল, পিএইচডি কোর্সে ভর্তিরত শিক্ষার্থী ভোটার তালিকায় সংযুক্ত থাকবেন। তবে এমফিল বা পিএইচডি কোর্সে ভর্তি থাকা কোনো শিক্ষক ভোটার বা প্রার্থী হতে পারবেন না।

ড. মনির উদ্দিন আরও বলেন, এটি খসড়া তালিকা। এ তালিকা পূর্ণাঙ্গভাবে ১৩ সেপ্টেম্বর প্রকাশ করা হবে। এ সময়ের মধ্যে কোনো সংশোধনী থাকলে সেগুলো করা হবে। এটি নিয়ে আমাদের আলোচনার জন্য দীর্ঘ সময় আছে।

ক্যাম্পাসে ক্লাস-পরীক্ষা বন্ধ ও চলমান ঘটনার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, চাকসুর সঙ্গে আমাদের চলমান ঘটনার কোনো সম্পৃক্ততা নেই। এর সমাধান প্রশাসন করবে।

গত ২৮ আগস্ট চাকসু নির্বাচনের তপশিল ঘোষণা করা হয়। তপশিল অনুযায়ী, মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে ১৪ ও ১৫ সেপ্টেম্বর। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ সেপ্টেম্বর। প্রার্থিতা যাচাই-বাছাই হবে ১৮ সেপ্টেম্বর এবং চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ২৫ সেপ্টেম্বর। এরপর ১২ অক্টোবর অনুষ্ঠিত হবে ভোট গ্রহণ।

কমিশনের দায়িত্বে আছেন ১১ জন সদস্য। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক মনির উদ্দিন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এবার কেন্দ্রীয় চাকসুর পাশাপাশি হল সংসদ নির্বাচনও অনুষ্ঠিত হবে।

১৯৬৬ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার চার বছর পর ১৯৭০ সালে প্রথম চাকসু নির্বাচন হয়। নিয়ম অনুযায়ী প্রতিবছর নির্বাচন হওয়ার কথা থাকলেও এতদিনে মাত্র ছয়বার ভোট হয়েছে। সর্বশেষ নির্বাচন হয়েছিল ১৯৯০ সালের ৮ ফেব্রুয়ারি।

বিষয় : চাকসু